# লালপুর উপজেলা পরিষদের মে-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো. ইসাহাক আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর |
| তারিখ | : | ১৯ মে ২০২২ সময় : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, লালপুর, নাটোর |
| উপস্থিত সদস্য | : | হাজিরা মোতাবেক ৩০ জন। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি প্রথমে স্বাগত বক্তব্য রাখেন এবং সকল কর্মকর্তা ও সদস্যগনের সহিত স্বর্ত:স্ফুত মত বিনিময় করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোনরুপ সংশোধণী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি মোতাবেক বিভাগীয় কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১. স্বাস্থ্য বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার লালপুর, নাটোর এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ ভ্যাকসিনের স্বল্পতা নাই। ভ্যাকসিন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত মোট কোভিড রোগীর সংখ্যা ৫৩ জন। মোট নমুনা সংগ্রহ করা হয়েছে ৫৭৭৭ জন। পজিটিভ রোগীর সংখ্যা ৯৮৫ জন। মার্চ মাসে নমুনা সংগ্রহ ২২ জনের সনাক্ত নাই। মোট মৃত্যুর সংখ্যা ০৪ জন। ১ম ডোজ টিকা দেয়া হয়েছে ২,৫৯,৭৩৭ জনের। ২য় ডোজ টিকা দেয়া হয়েছে ১,৮৭,৮৫৯ জনের। বুস্টার ডোজ দেয়া হয়েছে ২৪,৯৯৯ জনের। ২৬,৭৩৯ জন শিক্ষার্থীকে টিকার আওতায় আনা হয়েছে। ১ম ডোজ গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ২৭,৩১৫ জন। ২য় ডোজ গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ২৪,২২০ জন। অক্সিজেন সিলিন্ডার ৫২ টি, সেন্ট্রালিন সিলিন্ডার ১০ টি, কনসেনট্রেটর ০৫ টি ও হাইফ্লো সিস্টেম ০২ টি। কোভিড রোগী আসলে হাসপাতালেই চিকিৎসা দেয়া সম্ভব। হাসপাতালে ঔষধ পত্রের মজুদ সন্তোষজনক। ডায়রিয়া রোগীর সংখ্যা হাসপাতালে ১৪৭ জন মাঠ পর্যায়ে ৫০ জন কোন মৃত্যু নাই। | টিকা প্রদান অব্যাহত রাখা এবং অধিক সংখ্যক টেস্ট করানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হলো। সারা দেশে ডায়রিয়া রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লালপুর, নাটোর। |

## ২. উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা কৃষি অফিসার, লালপুর, নাটোর সভায় জানান যে, চলমান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। চলতি খরিফ-১/২০২১-২২ মৌসুমের বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করেন। কৃষি অফিসার জানান খরিফ-১/২০২১-২২ মৌসুমে অত্র উপজেলায় পাট, মুগ, তিল, হলুদ, ভূট্টা, আউশ ও বিভিন্ন প্রকারের শাকসবজির আবাদ হয়েছে। বোরো ধান কর্তন চলমান রয়েছে এবং বোরো ধানের ফলন আশানুরুপ ভালো হয়েছে। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক মাঠে থেকে কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছেন। | খরিফ-১/২০২১-২২ মৌসুমে ফসল উৎপাদন অব্যাহত রাখার জন্য সার, বীজ ও বালাইনাশকের যথাযথ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, লালপুর, নাটোর। |

## ৩.উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম:

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সামনে কোরবানীর ঈদ। বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু মোটাতাজা করণের জন্য মাঠ কর্মীরা সমগ্র উপজেলায় কাজ করছে। এ ছাড়া শেখপাড়া গ্রামের ২ জন খামারী বাড়ীর মধ্যে মুরগীর ফার্ম দিয়ে মুরগী পালন করছেন। এলাকাবাসীর অভিযোগের ফলে সরেজমিন পরিদর্শন করা হয়েছে। আসলে বসত এলাকার ১/২ কি:মি: দূরে খামার করার নিয়ম। কিন্তু অনেকেই বাড়ীর আঙ্গিনায় মুরগী পালন করে ফলে দুর্গন্ধ ছড়ায়। মুরগীর বিষ্টা সঙ্গে সঙ্গে গর্ত করে মাটিতে পুতে রাখার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। মাটিতে পুতে রাখলে দুর্গন্ধ ছড়াবে না। | অবৈধ উপায়ে গরু মোটা তাজা করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এ ছাড়া মুরগীর খামারীদের মুরগীর বিষ্টা সঠিক সময়ে গর্ত করে মাটিতে পুতে রাখার জন্য বলা হলো। বিষয়টি ইউপি চেয়ারম্যানগণ তাদের গ্রাম পুশিলের মাধ্যমে প্রচার করবেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, লালপুর, নাটোর। |

৪. উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা মৎস্য কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বর্তমানে জাটকা ধরার নিষেধাজ্ঞা চলমান রয়েছে। আমাগী বর্ষা মৌসুমে মাছের পোনা অবমুক্ত করা হবে। ২০ জন খামারীদের দেয়া হবে। সরকারী খাস পুকুরেও দেয়া যেতে পারে। | সরকারী খাস পুকুর ও সরকারী জলাশয়ে পোনা অবমুক্ত করার প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা লালপুর, নাটোর। |

৫. উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম:

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। স্কুলের পাঠদান পুর্বের নিয়মে চলছে। জুন ক্লোজিং এর চলছে। অনেক তথ্য আদান প্রদান করতে হচ্ছে। আগামী ২৬/০৫/২০২২ হতে ০১/০৬/২০২২ পযন্ত উপবৃত্তির তথ্য আপলোড চলমান রয়েছে। ১০ টি পুরাতন প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন নিলামের কাজ চলমান রয়েছে। জুন মাসের ১ম সপ্তাহের জাতীয় শিশু ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতি জানান যে, কোন কোন বিদ্যালয়ে গেলে প্রধান শিক্ষকগণকে পাওয়া যায় না। অন্যান্য শিক্ষকগণ জানান যে, উপজেলা শিক্ষা অফিসে গেছেন বা অন্য কোন কাজে গেছেন। বিষয়টি দেখার জন্য উপজেলা শিক্ষা অফিসার কে অনুরোধ জানানো হলো। | পুরাতন ভবন নিলামের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। অনিবার্য কারণ ছাড়া প্রধান শিক্ষককে বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা প্রকৌশলী, লালপুর, নাটোর। |

৬. উপজেলা প্রকৌশলী বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলীর পক্ষে উপসহকারী প্রকৌশলী জনাব মো: আব্দুর রাজ্জাক সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র পিআইসি এর কাজ চলমান রয়েছে। এডিপি'র ই-টেন্ডারের ০৫ টি এবং রাজস্ব তহবিলের আনসার ব্যারাকের মোট ০৬ টি কাজ প্রক্রিয়াধিন রয়েছে। এ ছাড়া অন্যান্য বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র পিআইসি এবং ই-টেন্ডারের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, লালপুর, নাটোর কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, লালপুর, নাটোর |

৭. উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, ক্যান্সার, কিডনী, থ্যালাসেমিয়া ইত্যাদি জটিল রোগীদের আর্থিক সাহায্যের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ক্যান্সার, কিডনী, থ্যালাসেমিয়া রোগী কিনা তা সিভিল সার্জন, নাটোর সনাক্ত করবেন। প্রাপ্ত আবেদনগুলো উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সিভিল সার্জন অফিসে যাবে। ভালভাবে যাচাই করে আমরা প্রেরণ করব যাতে আবেদন বাতিল না হয়। | জটিল রোগীদের যথাযথ পদ্ধতিতে আবেদনের বিষয়ে প্রচারনার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান (সকল)/উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লালপুর, নাটোর |

৮. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, তার বিভাগে এপ্রিল/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা-৬৮,৫২২ জন, মোট গ্রহণকারীর সংখ্যা-৫৬,২৪৬ জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৮২.০৫%, মোট গর্ভবতীর সংখ্যা-১৫০৩ জন। মোট জীবিত জন্মের সংখ্যা-২০৫ জন, উপজেলায় মোট মৃত্যুর সংখ্যা-৫০ জন। মাতৃ মৃত্যের সংখ্যা-০০। শিশু মৃত্যুর সংখ্যা-০০। গর্ভবতী সেবার সংখ্যা-৭৯৯ জন। শিশু সেবা-৯৮৬ জন, সাধারণ রোগী সেবা-৪২২৫ জন। গত মাসে উল্লিখিত জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি সরবরাহ করা হয়েছে তার মধ্যে খাবার বড়ি-১৫৮৩২০ কনডম-২২১০০ ইনজেকশন-১৫০৪, আইইউডি-০৫, ইমপ্লান্ট-০৪, স্থায়ী পদ্ধতি- পুরুষ-০০, মহিলা-১২। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | সুষ্ঠুভাবে কাজ সম্পাদন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবরার পরিকল্পনা কর্মকর্তা, লালপুর, নাটোর |

৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পূর্বের নিয়মে পাঠদান চলছে। প্রতিষ্ঠানগুলিতে শৃজনশীল মেধা অন্বেষণের কাজ চলছে। গত ১৮/০৫/২০২২ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহের সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। এ ছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | করোনার প্রাদুর্ভাব কমে গেছে। সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ক্লাস পরিচালনা নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। ইউপি চেয়ারম্যানগণ তাদের নিজ নিজ এলাকার শিক্ষা প্রতিষ্টানসমূহ ভিজিট করবেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোর |

১০. উপজেলা ত্রাণ শাখার কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে টি.আর ১ম পর্যায়ে উপজেলা ভিত্তিকি ২১,২০,৪৪৩/৪২ টাকা বরাদ্দ পাওয়া গেছে। মোট ১৬ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। ২য় পর্যায়ে নির্বাচনী এলাকা ভিত্তিক ৫০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। কাজ শুরু প্রক্রিয়াধীন। ৩য় পর্যায়ে উপজেলা ভিত্তিক ১১,৪৪,১২৪.১৫ টাকা পাওয়া গেছে যার তালিকা এখনও পাওয়া যায় নি। কাবিখা-কাবিটার ১ম পর্যায়ের কাজ প্রায় শেষ। শুধু মাত্র এইচবিবি কাজ চলমান রয়েছে। ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। এখনও তালিকা পাওয়া যায় নি। তালিকা পাওয়া মাত্র কাজ শুরু করা হবে। এ ছাড়া ইজিপিপির ৩য় কিস্তির বিল ঢাকায় প্রেরণ করা হয়েছে। মোবাইলের মাধ্যমে বিল প্রদানের কারণে সমস্যা হচ্ছে। | টি.আর, কাবিখা/কাবিটার তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লালপুর, নাটোর সভায় জানান যে, ভিজিডি ২০২১-২০২২ চক্রের এপ্রিল/২০২২ খ্রি. মাসের চাল বিতরণ সম্পন্ন হয়েছে। ১০ টি ইউনিয়নের ভিডিজি কার্ড সংখ্যা ২১৬৩ টি। ভিজিডি খাদ্য বিতরণের পর প্রতি মাসের খাদ্য বিতরণের প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের এপ্রিল/২২ মাসে ঋণ আদায়ের পরিমান ১২,৬০০/-টাকা। খেলাপীদের নামে নোটিশ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের প্রতি মাসে ইউনিয়ন/পৌরসভা ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল/২০২২ মাস হতে অনলাইনে আবেদন। ইউডিসি উদ্যোক্তাদের মাধ্যমে কার্যক্রম করা হয়েছে। এ দপ্তরের (WTC) প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধকজ (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও ভার্মি কম্পোস্ট, মাশরুম ও মৌ চাষ ট্রেডে ১৪ ও ১৫ তম ব্যাচের নতুন প্রশিক্ষনার্থী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে। | ভিজিডি খাদ্য বিতরণের সঙ্গে সঙ্গে বিতরণ প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লালপুর, নাটোর |

১২. উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক. | উপজেলা সমবায় কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, লালপুর, নাটোর |

১৩. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), লালপুর, নাটোর সভায় জানান যে, নিরাপদ পানি সরবরাহের ২০২০-২০২১ অর্থ বছরের কাজ শেষ। ২০২১-২০২২ অর্থ বছরের কাজ শুরু হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের মুজিব বর্ষের ঘরের জন্য টিউবওয়ের বরাদ্দ পাওয়া গেছে। এ ছাড়া লালপুর উপজেলার জোতদেবকী গ্রামে আমার গ্রাম আমার শহর পাইপ লাইনের কাজ ঠিকাদারসহ সরেজমিন পরিদর্শন করা হয়েছে। দ্রুত কাজ শুরু হবে। | লালপুর উপজেলায় দুর্যোগ সহনীয় ঘরের জন্য আরও টিউবওয়েলের চাহিদা প্রেরনের জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

১৪. উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালপুর, সভায় অনুপস্থিত। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালপুর, নাটোর |

১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, লালপুর, নাটোর সভায় জানান যে, বিআরডিবি লালপুর, নাটোর কর্তৃক অপ্রধান শস্য কর্মসূচির আওতায় বিনামূল্যে সংগঠনভিত্তিক বিনামূল্যে বীজ ও চারা বিতরণ, প্রশিক্ষণ প্রদান, প্রদর্শনী প্লট স্থাপন এবং ৪% সেবা মূল্যে ঋণ সহায়তা কার্যক্রম চরমান রয়েছে। পল্লী উদ্যোক্তাদের মাঝে ৪% সেবা মূল্যে এসএমই ঋণের দ্বিতীয় দফার প্রস্তাব সদর কার্যালয় হতে অনুমোদনের জন্য পাঠানো হলে ১০ জন সদস্যের অনুকূলে ১৪,৭০,০০০/- ঋণ অনুমোদন পাওয়া গেছে। নীতিমালা অনুসরণ করে বর্তমান অর্থ বছরে উক্ত ঋণ বিতরণ করা হবে। আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি কর্মসূচির ক্ষুদ্র ঋন ও প্রশিক্ষণের পাশাপাশি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত তহবিল হতে মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের জন্য ঋণ কার্যক্রম এবং ভূমি মন্ত্রণালয় হতে প্রাপ্ত তহবিল দ্বারা গুচ্ছগ্রামের সদস্যদের ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। এপ্রিল/২০২২ মাসে বিভিন্ন প্রকল্প/কর্মসূচির আওতায় বিভিন্ন খাতে ২৯,৬৪,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এপ্রিল/২০২২ মাসে ঋণ আদায় ৪,০৬,০০০/- টাকা। ঋণ আদায়ের হার ৯৯%। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কাজ সম্পাদন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, লালপুর, নাটোর |

১৬. উপজেলা বন বিভাগের কার্যক্রম :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, লালপুর উপজেলার বিভিন্ন স্থানে ২৭৪৩ টি তাল চারা এবং ৩১২৫ টি বনজ, ফলজ ও ঔষধি চারা রোপন করা হবে। কোথায় কোথায় চারা রোপন করা যায় তার স্থান তালিকা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ ছাড়া আগামী ০৫ জুন ২০২২ তারিখে লালপুর পদ্মার চরে চরমহাদিয়াড়ে বৃক্ষ রোপন করা হবে। সংশ্লিষ্ট তারিখে সকলকে উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | রসুলপুর গুচ্ছ গ্রামে তাল এবং অন্যান্য গাছের চারা রোপনের পর যা বাঁকী থাকবে তা উপজেলার বিভিন্ন স্থানে রোপনের সিদ্ধান্ত গৃহীত হলো। স্থান তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ দাখিল করবেন। | চেয়ারম্যান (সকল)/ উপজেলা বন কর্মকর্তা, লালপুর, নাটোর |

১৭. ইউজিডিপি'র কার্যক্রম:

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় অনুপস্থিত | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী/উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর, লালপুর, নাটোর |

## বিবিধ :

| ক্র.ন. | সভায় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | উপজেলা পরিষদ চত্বরে অনেক গাছ ঝড়ে উপড়ে গেছে এবং কিছু গাছ মরে গেছে। উক্ত গাছ নিলামে বিক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। | উপজেলা পরিষদের অভ্যান্তরে ঝড়ে উপড়ে পড়া এবং মরা গাছগুলি নিলামে বিক্রয়ের জন্য একটি প্রাক্কলণ প্রস্তুতের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। সরকারী গাছ নিলামে যথাযথ প্রক্রিয়া অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| খ. | সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য অফিস সরঞ্জাম ক্রয় করা প্রয়োজন। রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিক-২০২০ অনুযায়ী অফিস সরঞ্জাম ক্রয় করার বিধান আছে। এ বিষয়ে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন। | সরকারি নীতিমালা অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য অফিস সরঞ্জাম ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, লালপুর, নাটোর |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৯।৫।২২ ইং

(মো. ইসাহাক আলী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লালপুর, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর
www.lalpur.natore.gov.bd

নং-০৫.৪৩.৬৯৪৪.০০০.১৮.০০৩.২১.৫৯৫

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৯
১৯ মে ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩। জেলা প্রশাসক, নাটোর
৪। সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা প্রশাসন-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

৫। ............................................... ...............................................
.....................................................................................................

১৯/০৫/2022

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর
ফোন: ০৭৭২৫-৭৫০০১
ই-মেইল: unolalpur@mopa.gov.bd